

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
সড়ক ও জনপথ অধিদপ্তর  
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা  
ফোন : ০২-৮৮৭৯২৯৯, ফ্যাক্স : ০২-৮৮৭৯১৯৯  
E-mail : ce@rhd.gov.bd

স্মারক নং

২১০৪-প্র.প্র.

“আদেশ আদেশ”

তারিখ : ২৪/৪/১৫

সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন প্রকার পূর্তকাজ বাস্তবায়নের জন্য SCHEDULE OF RATES, August 2015 (FOR ROAD & BRIDGE WORKS) আবশ্যিকভাবে অনুসরণপূর্বক দাপ্তরিক প্রাক্কলন (Official Cost Estimate) প্রস্তুত করা হয়। SCHEDULE OF RATES এর সকল আইটেমের স্পেসিফিকেশন এবং মেথোডলোজি STANDARD TENDER DOCUMENTS (Section 7) : GENERAL SPECIFICATIONS (TECHNICAL SPECIFICATIONS), JUNE 2016 (3rd Edition)-এ বর্ণিত আছে।

কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক বিভিন্ন ধরনের পূর্তকাজ বাস্তবায়নের ক্ষেত্রে SCHEDULE OF RATES, August 2015 (FOR ROAD & BRIDGE WORKS) এ বর্ণিত কিছু কিছু আইটেম খণ্ডিত (Split) করে বা নতুন আইটেম যুক্ত করে দাপ্তরিক প্রাক্কলন (Official Cost Estimate)-এ Additional Item, Special Item, Miscellaneous Item ইত্যাদি হিসেবে অন্তর্ভুক্ত করত: দরপত্র আহবান করা হচ্ছে।

পূর্তকাজ বাস্তবায়নের ক্ষেত্রে SCHEDULE OF RATES, August 2015 বহির্ভূত নতুন কোন আইটেমের যদি একান্ত প্রয়োজন হয় তবে ক্রয়কারী উক্ত আইটেমের TECHNICAL SPECIFICATIONS প্রস্তুত করত: বিদ্যমান বাজার মূল্য অনুযায়ী একক দর নির্ধারণপূর্বক প্রধান প্রকৌশলীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রধান প্রকৌশলী কর্তৃক অনুমোদনের পর সংশ্লিষ্ট কাজের আইটেম দাপ্তরিক প্রাক্কলন (Official Cost Estimate)-এ অন্তর্ভুক্ত করা যাবে।

উপরোক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে দাপ্তরিক প্রাক্কলন (Official Cost Estimate) প্রস্তুত করলে এ প্রক্রিয়াকরণের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দায়ী থাকবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

Web Admin



(ইবনে আলম হাসান)

পরিচিতি নং-০০১০৩৩

প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদপ্তর।

বিতরণ :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ/ টেকনিক্যাল সার্ভিসেস উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং/ ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/যান্ত্রিক জোন, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/সিলেট জোন/ চট্টগ্রাম জোন/ খুলনা জোন/ বরিশাল জোন/গোপালগঞ্জ জোন/রাজশাহী জোন/রংপুর জোন। তার জোনের আওতাধীন সকল দপ্তরে এ নির্দেশনা বিতরণ ও প্রতিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল।
- ৩। প্রকল্প পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ), ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ৪ লেনে উন্নীতকরণ প্রকল্প/তিন সেতু নির্মাণ প্রকল্প/জয়দেবপুর-ময়মনসিংহ সড়ক ৪ লেনে উন্নীতকরণ প্রকল্প/৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প/ কাঁচপুর, মেঘনা ও গোমতী ২য় সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতুসমূহ পুনর্বাসন প্রকল্প/হেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট/টেকনিক্যাল এসিস্ট্যান্স ফর সাবরিজিওনাল রোড ট্রান্সপোর্ট প্রজেক্ট প্রিপারেটরি ফ্যাসিলিটি/ সাসেক সড়ক সংযোগ প্রকল্প/ সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II/ টেকনিক্যাল এসিস্টেন্স ফর ডিটেইল্ড স্টাডি এন্ড ডিজাইন অফ ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে অন পিপিপি বেসিস প্রজেক্ট/ ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ)/ ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রীজ ইমপ্রুভমেন্ট প্রজেক্ট।
- ৪। প্রকল্প পরিচালক, তৃতীয় কর্ণফুলী সেতু নির্মাণ প্রকল্প/ মাদারীপুর (মোস্তফাপুর)-শরীয়তপুর-চাঁদপুর সড়কের আড়িয়াল খাঁ নদীর উপর ৭ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (কাজিরটেক সেতু) সহ আরও ৩টি সেতু নির্মাণ প্রকল্প/পায়রা সেতু (লেবু খালী সেতু) নির্মাণ প্রকল্প/ ভুলতা ৪ লেন ফ্লাইওভার নির্মাণ প্রকল্প/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প [সওজ অংশ]/পরিচালক, সড়ক গবেষণাগার, মিরপুর, ঢাকা/চীফ ট্রান্সপোর্ট ইকোনমিস্ট, অর্থনীতি সার্কেল, ঢাকা।